ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 98 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৫৪ ● কলকাতা ● ৩১ ভাদ্র, ১৪৩২ ● বুধবার ● ১৭ সেপ্টেম্বর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 61

## হিমালয়ের সমর্পণ যোগ



কিছুই দেখতে পেলাম না, কিন্তু আওয়াজ থেকে বুঝতে পারলাম এক দল হাতী ঐ ঝর্ণায় জল খেতে এসেছিল আর তারা নিজেদের মধ্যে জল ক্রীড়া করছিল ও আওয়াজ করছিল। একটু সকাল হওয়ার পর দেখতে পেলাম তাদের সঙ্গে তাদের ছোট ছোট বাচ্চাও ছিল।

তখন দেখলাম, এক হাতীর বাচ্চা কিনারা থেকে জলে পড়ে গেছে। পাশেই এক বড় হাতী ছিল। সে শুঁড় দিয়ে তাকে কিনারের দিকে ধাক্কা দিল এবং তার মা এক পায়ের সাহায্যে তাকে কিনারে টেনে নিল। বাচ্চা উপরে এসে খুব খুশী ছিল। পরে অন্য বাচ্চাদের সঙ্গে খেলতে লাগল।

হাতীদের দেখলাম, যারা একত্রে থাকত আর একত্রে থেকে নিজের দলের রক্ষা করত, একে অন্যকে সাহায্য করত।

ক্রমশঃ

# বাংলার দোরগোড়ায় SIR?



স্টাফ রিপোর্টার, রোজদিন

পুজোর পরই কি বাংলায় বিশেষ নিবিড় সংশোধন(SIR) শুরু হবে? রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক(সিইও) মনোজকুমার আগরওয়ালের এক নির্দেশ ঘিরে এই নিয়ে জল্পনা বাড়ল। রাজ্যে বিশেষ নিবিড় সংশোধনের আবেদনপত্র (এনুমারেশন ফর্ম) ছাপানোর জন্য প্রস্তুতি নিতে বললেন সিইও। রাজ্যে মোট ভোটারের দ্বিগুণ ফর্ম ছাপানো হবে।

কারণ, দ্রুত কাজ করতে হবে। মঙ্গলবার রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক (সিইও) মনোজকুমার আগরওয়াল রাজ্যে বিশেষ নিবিড় সংশোধনের সঙ্গে যুক্ত আধিকারিকদের প্রশিক্ষণ দেন। এই প্রশিক্ষণে রাজ্যের প্রায় ৪ হাজার আধিকারিক যোগ দেন। প্রশিক্ষণে ছিলেন ইআরও, এইআরও, এডিএম এবং কয়েক জন ডিএম। পুজোর আগে SIR নিয়ে রাজ্যের বাকি থাকা ৭৫ হাজার

এরপর ৩ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
নিউজ
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



# রাষ্ট্রপতির সঙ্গে দেখা করলেন মরিশাসের প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ১৬ সেপ্টেম্বর, ২০২৫**

মরিশাসের প্রধানমন্ত্রী শ্রী নবীনচন্দ্র রামগুলাম আজ (১৬ সেপ্টেম্বর, ২০২৫) রাষ্ট্রপতি ভবনে গিয়ে রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর সঙ্গে দেখা করেন। এই বৈঠকের মধ্য দিয়েই মরিশাসের প্রধানমন্ত্রীর ভারত সফর শেষ হয়। ৯-১৬ সেপ্টেম্বরের এই সফরে তিনি মুম্বাই, বারাণসী, অযোধ্যা এবং তিরুপতিতে যান।

রাষ্ট্রপতি ভবনে প্রধানমন্ত্রী রামগুলাম এবং তাঁর প্রতিনিধিদলকে স্বাগত জানিয়ে শ্রীমতী দ্রৌপদী মুর্মু বলেন, ভারতের "প্রতিবেশী প্রথম" নীতি, "মহাসাগর ভিশন" এবং উন্নয়নশীল দেশগুলির প্রতি অঙ্গীকারে মরিশাস বিশেষ স্থান অধিকার করে রয়েছে।



প্রতিটি ক্ষেত্রে ভারত ও মরিশাসের অংশীদারিত্ব এবং সহযোগিতা দ্রুত গতিতে বৃদ্ধি পাওয়ায় রাষ্ট্রপতি সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, সম্প্রতি ভারত ও মরিশাসের সম্পর্ক "বর্ধিত কৌশলগত অংশীদারিত্ব"-এ উত্তীর্ণ হওয়ার মধ্যে এর প্রতিফলন ঘটেছে।

মরিশাস সরকারের উন্নয়নমূলক বিভিন্ন কাজকর্মে ভারত সহায়তা করায় রাষ্ট্রপতি সন্তোষ প্রকাশ করেন। নতুন বিশেষ অর্থনৈতিক প্যাকেজ মরিশাস সরকার এবং সেখানকার মানুষের প্রয়োজন মেটাতে কাজে আসবে বলে আশাপ্রকাশ করেন তিনি। রাষ্ট্রপতি বলেন, হাসপাতাল, সড়ক, বন্দর উন্নয়ন, সামরিক সরঞ্জাম ক্রয় এবং যৌথ নজরদারির মতো বিভিন্ন প্রকল্প পরিকাঠামোর বিস্তার ঘটাবে এবং মরিশাসের মানুষের জীবনে ইতিবাচক প্রভাব ফেলবে। ভারত ও মরিশাসের দ্বিপাক্ষিক সম্পর্ক এখন ডিজিটাল প্রযুক্তি, মহাকাশের মতো নতুন নতুন ক্ষেত্রেও সম্প্রসারিত হচ্ছে বলে তিনি মন্তব্য করেন।

অভিন্ন ইতিহাস, ভাষা, সংস্কৃতি ও মূল্যবোধের শিকড়ে গাঁথা দুই দেশের সম্পর্ক অনন্য বলে দুই নেতা মতপ্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী রামগুলামের নেতৃত্বে ভারত ও মরিশাসের দ্বিপাক্ষিক সম্পর্ক আগামীদিনে আরও মজবুত হয়ে উঠবে বলে রাষ্ট্রপতি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

# ভারত সরকারের প্রতিরক্ষামন্ত্রকের পেনশনভোগীদের জন্য বিশেষ আউটরিচ ও অভিযোগ নিষ্পত্তি কর্মসূচির আয়োজন

**কলকাতা, ১৬ ই সেপ্টেম্বর ২০২৫**

প্রতিরক্ষা মন্ত্রকের কন্ট্রোলার জেনারেল অফ ডিফেন্স অ্যাকাউন্টসের উদ্যোগে প্রতিরক্ষা মন্ত্রকের পেনশনভোগীদের জন্য একটি বিশেষ আউটরিচ ও অভিযোগ নিষ্পত্তি কর্মসূচি অনুষ্ঠিত হতে চলেছে। এই কর্মসূচি অনুষ্ঠিত হবে ১৮ ই সেপ্টেম্বর ২০২৫ তারিখে পশ্চিমবঙ্গের বেঙ্গডুবি মিলিটারি স্টেশনে।

এই কর্মসূচি আয়োজিত হচ্ছে SPARSH (System for Pension Administration Defence) প্রকল্পের আওতায়, যা প্রাক্তন সেনা সদস্য,

এরপর ৪ পাতায়

# নিয়োগের পর তৈরি আধার ও ভোটার কার্ড তৈরি সিভিকের, হইচই প্রশাসনিক মহলে

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**গাইঘাটা:** উত্তর ২৪ পরগনা জেলার গাইঘাটা থানায় কর্মরত এক সিভিক ভলান্টিয়ারের নিয়োগ নিয়ে গুরুতর অভিযোগ সামনে এসেছে। জানা গেছে, ওই সিভিক ভলান্টিয়ারের নাম সুমন বণিক। গাইঘাটা থানায় তার নিয়োগ হয় ২০১৩ সালে। অথচ সুমন বণিকের আধার কার্ড ইস্যু হয়, ২০১৪ সালের ১৯ ফেব্রুয়ারি।

গাইঘাটায় সিভিক ভলেন্টিয়ার -এর নিয়োগ নিয়ে বড় প্রশ্নচিহ্ন দেখা দিয়েছে। কি করে নিয়োগের ৭ বছর পর ভোটার কার্ড তৈরি হল। তথ্য জানার অধিকার আইনে অর্থাৎ আরটিআই- এ এই তথ্য মিলেছে। মধ্যে এই ঘটনার কথা জানিয়ে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার এর কাছে লিখিত অভিযোগ জমা পড়েছে। তবে এই নিয়ে কোন মুখ খুলতে চাননি অভিযুক্ত সিভিক ভলান্টিয়ার সুমন বণিক। তার ষাট বছর বয়সের বাবার আধার ও ভোটার কার্ড কি করে কি ইস্যু হল তা নিয়েও প্রশ্ন উঠেছে।

তার ভোটার কার্ড তৈরি হয় ২০২০ সালের ১৪ মার্চ। তার এই নিয়োগের সময় ভোটার ও আধার কার্ড ছিল না ।সেই প্রমাণ সামনে এসেছে। তাহলে কি করে কোন প্রমাণ পত্র ছাড়া ওই সিভিক ভলান্টিয়ার এর নিয়োগ হল? প্রশ্নচিহ্ন দেখা দিয়েছে। তদন্তে আরও দেখা যাচ্ছে, অভিযুক্ত সিভিক ভলান্টিয়ার এর বাবার নামে ভোটার কার্ড ইস্যু হয়েছে ১৫ মার্চ ২০২০ সাল। ফলে প্রশ্ন দেখা দিয়েছে কি করে বৈধ সরকারি বৈধ পরিচয় পত্র ছাড়া সুমন বনিক চাকরি পেলেন ?রাজ্য ও জেলা প্রশাসনের শীর্ষ পদে থাকা কর্তারা কি দায় এড়াতে পারেন? রাজ্য ও কলকাতা পুলিশের শূন্য পদের সংখ্যা ৩০ হাজারের বেশি। সেই শূন্য পদে নিয়োগ বন্ধ থাকায় সিভিক ভলান্টিয়ার দিয়ে ঘাটতি মেটানো হচ্ছে। প্রশিক্ষণহীন এই সিভিক ভলান্টিয়ারদের ভূমিকা নিয়ে অস্বস্তিতে পড়তে হয়েছে রাজ্য সরকারকে।






(১ম পাতার পর)

# বাংলার দোরগোড়ায় SIR?

বুথ লেভেল অফিসারের প্রশিক্ষণ দেওয়া হবে। সিইও দফতর জানিয়েছে, ইআরও এবং এইআরও-রা বিএলও-দের প্রশিক্ষণ দেবেন। পুজোর আগে আগামী ২১-২২ সেপ্টেম্বরের মধ্যে ওই প্রশিক্ষণের কাজ শেষ করতে বলা হয়েছে। এখন কবে থেকে এনুমারেশন ফর্ম ছাপানো শুরু হয়, সেটাই দেখার।

সিইও দফতর সূত্রে খবর, প্রায় ১৫ কোটি ফর্ম ছাপানো হবে। এত সংখ্যক ফর্ম একটি নির্দিষ্ট জায়গা থেকে ছাপানো সম্ভব নয়। তাই কোন কোন জেলায় ফর্ম ছাপানো যাবে, সেই তথ্য জানতে চাইল সিইও দফতর। সিইও দফতর জানিয়েছে, কোনও জেলায় ফর্ম ছাপানোর পরিস্থিতি না থাকলে কলকাতা থেকেই ছাপিয়ে ফর্ম পাঠানো হবে। সিইও দফতর সূত্রে খবর, রাজ্যে এখন প্রায় ৭.৬৫ কোটি ভোটার রয়েছেন। তার দ্বিগুণ সংখ্যক ফর্ম ছাপানো হবে। জাতীয় নির্বাচন কমিশন থেকে প্রতিটি ভোটারের নাম-সহ তথ্য দেওয়া ফর্ম অনলাইনে আসবে। সেই সব ফর্ম এলেই ছাপানোর কাজ শুরু করতে হবে। সিইও দফতর জানাচ্ছে, বিহারের ক্ষেত্রে একটি জায়গা থেকেই ফর্ম ছাপানো হয়েছিল। এখানে জেলায় জেলায় ফর্ম ছাপানোর কাজ হবে।

# এসি তো ব্যবহার করছেন, কিন্তু ঠিক নিয়ম মানছেন কি?

**ঈশানী মল্লিক**



আজকের যুগে গরমকালে এয়ার কন্ডিশনার (এসি) আমাদের জীবনের অপরিহার্য অংশ হয়ে দাঁড়িয়েছে। ঘর শীতল রাখা থেকে শুরু করে অফিস, হাসপাতাল কিংবা দোকান—সব জায়গাতেই এসি ব্যবহারের প্রবণতা বাড়ছে। কিন্তু অধিকাংশ মানুষ এসি ব্যবহারের সঠিক নিয়ম জানেন না। ভুল ব্যবহারের ফলে শরীরের ক্ষতি যেমন হয়, তেমনি বিদ্যুতের অপচয় ঘটে। সঠিকভাবে এসি ব্যবহারের নিয়ম ও সতর্কতা নিয়ে বিস্তারিত তথ্য দেওয়া হল।

কারন একটি এসি সম্পূর্ন ইলেক্টিসিটির উপর নির্ভর। বিশেষ করে এই কারনেই আমাদের সদা সচেতন থাকতে হবে; কারন বিদুৎ এ কখন কি ভোল্টেজ আসবে যাবে সেটা সঠিক ভাবে কারোর জানার কথা নয়; কেননা এখানে কারো হাত নেই তাই সমস্যা হতেই পারে।

এই কারণেই এসি ব্যবহারের আগে কিছু বিষয়ে খেয়াল রাখলে এসি শুধু শারীরিক আরাম নয়, মানসিক চাপ কমাতেও সাহায্য করবে।

এসি লাগানোর সময় খেয়াল করতে হবে এসির জন্য যেন আলাদা সার্কিট ব্রেকার লাগানো হয়।

এসির পাওয়ার প্লাগ কম্বাইন বোর্ড এবং যে লাইন এ চলবে সেটা মেইন লাইন থেকে নিয়ে আসতে হবে কারণ এসির লাইন এ এসি ব্যতীত অন্য কোনও লোড যেন না থাকে তাইলে শর্ট সার্কিট হবার সম্ভাবনা ৫০% কমে যায় সেই সঙ্গে ভালো মানের ক্যাবল ব্যবহার করা।

বারান্দা বা ছাদ এ যাদের এসি থাকে তারা অবশ্যই খেয়াল রাখবেন এসির সামনে বা পিছনে কোনও বস্তা বালতি বা ড্রাম যেন বাতাসের বাধা না হয়।

এসির আগুন ধরার কারন:

১- দীর্ঘদিন সার্ভিসিং না করা।
২- এসির হেলথ চেক না করা।
৩- গ্যাস চেক না করা।
৪- লিকেজ চেক না করে গ্যাস দেওয়া।

তাপমাত্রা নিয়ন্ত্রণ

এসি ২৪–২৬ ডিগ্রি সেলসিয়াসে রাখাই সবচেয়ে উপযুক্ত।

এর চেয়ে কমে রাখলে বিদ্যুতের খরচ বাড়ে এবং শরীর বাইরের তাপমাত্রার সঙ্গে মানিয়ে নিতে পারে না।

এসি চালু করার আগে জানালা-দরজা বন্ধ করুন

খোলা জানালা দিয়ে গরম বাতাস ঢুকে গেলে এসি বেশি সময় ধরে কাজ করতে বাধ্য হয়। এতে

এরপর ৬ পাতায়

## বিহারের পূর্ণিয়ায় ১০ কোটি টাকার সেক্স-সর্টেড সিমেন কেন্দ্রের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বিহারের পূর্ণিয়ায় পশুপালন ও দুগ্ধ উৎপাদন মন্ত্রকের উদ্যোগে রাষ্ট্রীয় গোকুল মিশনের আওতায় গড়ে ওঠা সেক্স-সর্টেড সিমেন কেন্দ্রের উদ্বোধন করেন। ১০ কোটি টাকার এই প্রকল্পের উৎপাদন ক্ষমতা প্রতি বছরে ৫ লক্ষ ডোজ।

মেক ইন ইন্ডিয়া এবং আত্মনির্ভর ভারত কর্মসূচি অনুযায়ী প্রধানমন্ত্রী ২০২৪-এর ৫ অক্টোবর দেশজ 'গৌসর্ট' প্রযুক্তির সূচনা করেন। এই প্রযুক্তির মাধ্যমে কৃষকদের কাছে সেক্স-সর্টেড সিমেন পৌঁছে দেওয়া সম্ভব হব। পূর্ণিয়ার কেন্দ্রটি চালু হওয়ায় বিশেষ ভাবে উপকৃত হবেন পূর্ব ও উত্তর-পূর্বাঞ্চলের কৃষক ও পশুপালকরা।

সিমেন সেক্স-সর্টিং হল এমন এক প্রযুক্তি যা ব্যবহার করে স্ত্রী বাছুর জন্মানো প্রায় ৯০ শতাংশ নিশ্চিত করা যায়। তেমনটা হলে পশুপালক ও কৃষকদের অর্থনৈতিক দায়ভার কমে এবং আয়ও বৃদ্ধি পেতে পারে।

## সকলের সঙ্গে সকলের বিকাশ, সকলের বিশ্বাস এবং সকলের প্রয়াস' সম্পর্কে লেখা একটি নিবন্ধ শেয়ার করলেন প্রধানমন্ত্রী

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

'সকলের সঙ্গে সকলের বিকাশ, সকলের বিশ্বাস এবং সকলের প্রয়াস' সম্পর্কে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী মনসুখ মান্ডবিয়ার লেখা একটি নিবন্ধ শেয়ার করলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। বিষয়টি যেভাবে দৈনন্দিন বাস্তবতায় প্রতিফলিত – বিদ্যুৎ এখন কোনও বিলাসের উপকরণ নয়, কল্যাণমূলক প্রকল্পের সুবিধা প্রাপকের হাতে সরাসরি পৌঁছে যাচ্ছে এবং ডিজিটাল সমন্বয়ের মাধ্যমে পরিকাঠামোগত পরিকল্পনা রূপায়িত হচ্ছে – এই সব নিয়ে বিস্তারিত আলোচনা রয়েছে ওই নিবন্ধে। প্রাথমিক ভাবে গুজরাটে প্রযুক্ত এই মডেল পরবর্তীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সারা ভারতে প্রয়োগ করে সুপ্রশাসনের সুফল প্রান্তিকতম মানুষটির কাছে পৌঁছে দিয়েছেন এবং বিকশিত ভারত ২০৪৭-এর পথ প্রশস্ত করছেন বলে নিবন্ধে উল্লেখ করা হয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী মনসুখ মান্ডবিয়ার একটি এক্স পোস্টের উত্তরে সামাজিক মাধ্যমে বার্তা দিয়েছেন শ্রী মোদী।

# সম্পাদকীয়

## ১৭ সেপ্টেম্বর মধ্যপ্রদেশ সফরে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১৭ সেপ্টেম্বর মধ্যপ্রদেশ সফর করবেন। ধর-এ তিনি 'সুস্থ নারী সশক্ত পরিবার' এবং 'অষ্টম রাষ্ট্রীয় পোষণ মাস'-এর সূচনা করবেন। এছাড়াও, বিভিন্ন উদ্যোগের সূচনা ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন তিনি। এই উপলক্ষে আয়োজিত সমাবেশে ভাষণও দেবেন প্রধানমন্ত্রী।

সুস্বাস্থ্য, পুষ্টি, শারীরিক সক্ষমতা, সুস্থ এবং সশক্ত ভারতের প্রতি দায়বদ্ধতার লক্ষ্যে প্রধানমন্ত্রী 'সুস্থ নারী সশক্ত পরিবার' এবং 'অষ্টম রাষ্ট্রীয় পোষণ মাস'-এর সূচনা করবেন। ১৭ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর পর্যন্ত আয়ুষ্মান আরোগ্য মন্দির কমিউনিটি হেলথ সেন্টার, জেলা হাসপাতাল এবং দেশজুড়ে অন্যান্য সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানে এর আয়োজন করা হবে। দেশের মহিলা ও শিশুদের স্বাস্থ্যবিধির দিকে লক্ষ্য রেখে ১ লক্ষেরও বেশি স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হবে। দেশের সমস্ত সরকারি স্বাস্থ্যকেন্দ্রে প্রাত্যহিক স্বাস্থ্য শিবিরও অনুষ্ঠিত হবে।

দেশজুড়ে এই অভিযান পর্ব গোষ্ঠীভিত্তিকভাবে মহিলাদের স্বাস্থ্য পরিষেবা প্রদানে আয়োজিত হবে। এতে করে তাঁদের শারীরিক পরীক্ষা, রোগ নির্ণয় করা হবে। ছোঁয়াচে নয়, এমন রোগের ক্ষেত্রে সেখানে চিকিৎসার বন্দোবস্ত করা হবে। রক্তাল্পতা, যক্ষ্মা, সিকেল সেল রোগ নির্ণয় সহ জীবনশৈলী, মানসিক স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা গড়ে তোলা হবে। স্ত্রী-রোগ বিশেষজ্ঞ, শিশু রোগ বিশেষজ্ঞ, চক্ষু, ইএনটি, দন্ত, চর্ম এবং মানসিক রোগের বিশেষজ্ঞ চিকিৎসকদের পরিষেবা পাওয়া যাবে এবং মেডিকেল কলেজ, জেলা হাসপাতাল, কেন্দ্রীয় সরকারি চিকিৎসা প্রতিষ্ঠান ও বেসরকারি হাসপাতাল মারফৎ এই চিকিৎসা পরিষেবা প্রদান করা হবে।

দেশব্যাপী এই কর্মসূচিতে রক্তদান শিবিরের আয়োজন করা হবে। e-Raktkosh পোর্টালে রক্তদাতাদের নাম নিবন্ধীকৃত হবে। MyGov মারফৎ এই শপথ অভিযান প্রচার করা হবে। সুবিধাপ্রাপকরা পিএমজেএওয়াই, আয়ুষ্মান বয়ঃবন্দনা এবং আভা-য় নথিভুক্ত হবেন। স্বাস্থ্য শিবিরে বিভিন্ন হেল্পডেস্ক গড়ে তোলা হবে। কোনও অভিযোগ থাকলে তারও নিষ্পত্তি করা হবে। মহিলা এবং পরিবারগুলির সর্বাত্মক স্বাস্থ্য পরিষেবার প্রসারে যোগ, আয়ুর্বেদ এবং অন্যান্য আয়ুষ পরিষেবা প্রদান করা হবে। যক্ষ্মা রোগীদের পুষ্টি এবং পরামর্শদানের জন্য নিক্ষয় মিত্র www.nikshay.in-এই পোর্টালে নাম নথিভুক্ত করতে নাগরিকদেরকে উৎসাহিত করা হবে।

প্রধানমন্ত্রী শ্রী মোদী 'প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনা'র আওতায় দেশজুড়ে একটি ক্লিকের মাধ্যমে যোগ্য মহিলাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে অর্থ হস্তান্তর করবেন। এতে প্রায় ১০ লক্ষ মহিলা উপকৃত হবেন। এছাড়াও প্রধানমন্ত্রী 'সুমন সখী চ্যাটবট'-এর সূচনা করবেন। প্রসূতি মা ও সন্তানের স্বাস্থ্য সচেতনতার লক্ষ্যেই এই উদ্যোগ। গ্রামাঞ্চল বা প্রত্যন্ত এলাকায় প্রসূতি মায়েদের সময়মতো স্বাস্থ্য পরামর্শ এবং প্রয়োজনীয় স্বাস্থ্য পরিষেবা যোগাতেই এই উদ্যোগ। এর পাশাপাশি, সিকেল সেল অ্যানিমিয়ার ক্ষেত্রে দেশব্যাপী সম্মিলিত উদ্যোগ গড়ে তোলা হবে। রাজ্যের জন্য প্রধানমন্ত্রী ১ কোটিতম সিকেল সেল স্ক্রিনিং ও কাউন্সেলিং কার্ড বিতরণ করবেন।

'আদি কর্মযোগী অভিযান'-এর অঙ্গ হিসেবে প্রধানমন্ত্রী মধ্যপ্রদেশের জন্য আদি সেবা পর্বের সূচনা করবেন যা, জনজাতির গরিমা বৃদ্ধি এবং রাষ্ট্র বিকাশের ইচ্ছাশক্তির এক মিলনক্ষেত্র হিসেবে সূচিত হবে। জনজাতি এলাকার জন্য একগুচ্ছ পরিষেবা-কেন্দ্রিক উদ্যোগ এর সাথে যুক্ত। স্বাস্থ্য, শিক্ষা, পুষ্টি, দক্ষতা বিকাশ, জীবনধারণের মানোন্নয়ন, স্বাস্থ্যবিধি, জল সংরক্ষণ এবং পরিবেশগত সুরক্ষা এর অঙ্গ। জনজাতি গ্রাম কর্মপরিকল্পনা এবং জনজাতি গ্রাম ভিশন, ২০৩০-এর প্রতি লক্ষ্য রেখে গ্রামাঞ্চল-ভিত্তিক দীর্ঘকালীন বিকাশ পরিকল্পনা প্রস্তুত করা হবে।

# আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(চৌব্বিশতম পর্ব)



দুর্গের বিপরীতে কলকাতার ইংরেজদের জন্য তৈরী হল সেন্ট অ্যান'স চার্চ ১৭০৯ খৃষ্টাব্দে। তার আগেই ১৭০৭ খৃষ্টাব্দে আর্মেনিয়ানরা আর্মেনিয়ান চার্চ নির্মাণ করে ফেলেছে। ইংরেজরা বিশাল বিশাল অট্টালিকা, গির্জা ইত্যাদি নির্মাণ করে কয়েকটি ক্ষুদ্রগ্রামকে শহরে পরিণত করছে। কিন্তু কালীঘাট মন্দির সে সময় বিখ্যাত হলেও তার পুরনো জীর্ণ অবস্থার তখনও সংস্কার হয় নি।

১৭৫৭ খৃষ্টাব্দে পলাশীর যুদ্ধে ইংরেজদের হাতে নবাব সিরাজদ্দৌল্লা পরাজিত ও নিহত হলেন। রাজা নবকৃষ্ণ

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

## ভারত সরকারের প্রতিরক্ষামন্ত্রকের পেনশনভোগীদের জন্য বিশেষ আউটরিচ ও অভিযোগ নিষ্পত্তি কর্মসূচির আয়োজন

প্রতিরক্ষা অসামরিক পেনশনভোগী এবং তাঁদের ওপর নির্ভরশীল মানুষদের জন্য একটি সম্পূর্ণ ডিজিটাল পেনশন মঞ্জুরি ও বিতরণ ব্যবস্থা।

এই কর্মসূচির মূল উদ্দেশ্য হল প্রাক্তন সেনা ও প্রতিরক্ষা বিভাগের অসামরিক পেনশনভোগীদের মধ্যে এই প্রকল্প সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা, পেনশন প্রদান, প্রয়োজনীয় নথিপত্র ও সার্ভিস রেকর্ড-সংক্রান্ত সমস্যা দ্রুত সমাধান করা এবং যাঁদের পেনশন-সংক্রান্ত সমস্যা এখনও নিষ্পত্তি হয়নি তাঁদের সরাসরি সহায়তা প্রদান করা।অংশগ্রহণকারীদের সঙ্গে যাচাই প্রক্রিয়ার জন্য আনতে হবে আধার কার্ড, প্যান কার্ড, ব্যাংকের পাস বই, ডিসচার্জ বুক, পিপিও (Pension Payment Order), SPARSH ও আধার সংযুক্ত মোবাইল নম্বর এবং অন্যান্য প্রাসঙ্গিক নথিপত্র। প্রাক্তন সেনা সদস্য, বীর নারীরা ও তাঁদের ওপর নির্ভরশীল মানুষদের এই কর্মসূচিতে উপস্থিত থাকার জন্য আন্তরিকভাবে আমন্ত্রণ জানানো হচ্ছে। যোগাযোগের জন্য ফোন করুন - 7002632956 / 9064438843

### বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তাঁহার মুখ দ্রংষ্টাকরাল, তাঁহার আভরণ সর্প ও নরাস্থি নির্মিত, পরিধানে ব্যাঘ্রচর্ম, কেশরাজি অগ্নিশিখার ন্যায় উর্ধ্বে উত্থিত" (বিনয়তোষ ৪০-৪১)। তাও বলবো রাত্রির রং কালো।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# দক্ষিণ কোরিয়ায় ২০২৫-এর বুসান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে ভারত সৃজনশীল শক্তিকে তুলে ধরবে

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বুসান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব, ২০২৫-এ ভারত এ বছর নিজেকে অনেক বেশি করে তুলে ধরবে। দক্ষিণ কোরিয়া আয়োজিত এশিয়ান কন্টেন্টস অ্যান্ড ফিল্ম মার্কেট-এ উচ্চ পর্যায়ের প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগন। ভারতের পক্ষ থেকে বিআইএফএফ-এ এই প্রথম মন্ত্রী পর্যায়ের প্রতিনিধিদল যাচ্ছে। সাংস্কৃতিক কূটনীতিকে শক্তিশালী করতে দেশের দায়বদ্ধতার পাশাপাশি, আন্তর্জাতিক ক্ষেত্রে সৃজনশীল সহযোগিতার বিকাশ এবং সৃজনশীল অর্থনীতির ক্ষেত্রে বিশ্ব হাব হিসেবে ভারতকে তুলে ধরাই এর লক্ষ্য।

প্রতিনিধিদলে এনএফডিসি, এফআইসিসিআই, এফপিআইআই, এসআরএফটিআই এবং আইআইএমসি থেকে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের পদস্থ আধিকারিকরা থাকবেন। সেইসঙ্গে, ওয়েভস বাজার উদ্যোগের নির্বাচিত সৃজনশীল নির্মাতারাও অংশ নেবেন।

সফর শুরুর আগে তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগন বলেছেন, ভারত বিআইএফএফ, ২০২৫-এ যোগ দিতে পারায় গর্বিত। এটা এমন এক উৎসব যা শ্রেষ্ঠ এশীয় ও বিশ্ব সিনেমাকে একই ছাতার তলায় নিয়ে আসে। আমাদের উপস্থিতিতে যৌথ চলচ্চিত্র নির্মাণে ভারতের দায়বদ্ধতা প্রতিফলিত হবে। এভিজিসি-তে নতুন সুযোগ সৃষ্টি হবে। সেইসঙ্গে দক্ষিণ কোরিয়ার সঙ্গে সাংস্কৃতিক বন্ধন আরও সুদৃঢ় হবে। ওয়েভস বাজার এবং ভারত পর্বে আমরা কেবলমাত্র আমাদের সৃজনশীল অর্থনীতিকেই তুলে ধরব তাই নয়, আমাদের চিরন্তন ঐতিহ্য এবং ভারতীয় প্রতিভাকে তুলে ধরারও সুযোগ হবে।

'বিশ্বের জন্য ভারতের সৃজনশীল অর্থনীতি' বিষয়ে বিআইএফএফ এবং এসিএফএফ-এ ভারত প্যাভিলিয়ন গড়ে তোলা হবে। এই প্যাভিলিয়নে ওয়েভস বাজার উদ্যোগের ওপর মূল আলোকপাত করা হবে। ভারতের সৃজনশীল নির্মাতা, প্রযোজক এবং ডিস্ট্রিবিউটারদের সঙ্গে বিশ্ব বাজারকে যুক্ত করে দেওয়ার সুযোগ ঘটবে বি-২-বি বৈঠকের মাধ্যমে। সেইসঙ্গে, শিল্পক্ষেত্রের প্রথম সারির প্রতিনিধি এবং উভয় দেশের আধিকারিকদের যোগদানের মধ্য দিয়ে আলোচনাপর্ব অনুষ্ঠিত হবে।

বুসানে ভারতীয় চলচ্চিত্রকে তুলে ধরা হবে। ১০টিরও বেশি ভারতীয় সিনেমা এখানে প্রদর্শিত হবে। উদ্বোধনী প্রতিযোগিতা পর্বে থাকছে পদ্মশ্রী খেতাবে ভূষিত নীল মাধব পান্ডার 'স্পাইন স্টার্স'।

এশিয়া বিভাগে সঞ্জু সুরেন্দ্রনের 'ইফ অন আ উইন্টার নাইট'; মহর্ষি তুহিন কাশ্যপের 'কোক কোক কোকুক' এবং ত্রিবেণী রায়ের 'শেপ অফ মোমো' প্রদর্শিত হবে।

অন্য বিভিন্ন বিভাগে বিকাশ রঞ্জন মিশ্রের 'বয়ান', অনুপ লোক্কুরের 'ডোন্ট টেল মাদার', তন্নিষ্ঠা চ্যাটার্জির 'ফুল প্লেট', শীতল এন এস-এর 'করিঞ্জি' এবং বিবেক চৌধারির 'আই, পপ্পি' প্রদর্শিত হবে।

এশিয়ান প্রোজেক্ট মার্কেটে পাঁচটি ভারতীয় ছবিকে যৌথ প্রযোজনা বাজারের জন্য নির্বাচন করা হয়েছে। সোনি রাজদান পরিচালিত এবং আলিয়া ভাট, সাহিন ভাট, অ্যালেন ম্যাকঅ্যালেক্স এবং গ্রীষ্মা শাহ প্রযোজিত 'ডিফিকাল্ট ডটার্স'; কুঞ্জিলা মাসিল্লামানি পরিচালিত এবং পায়েল কাপাডিয়া, জিও বেবি এবং কানি কুসরুতি প্রযোজিত 'দ্য লাস্ট অফ দেম প্লেগস'; সৌরভ রাই পরিচালিত এবং সুদীপ্তা সাধুখাঁ, বিরাজ সেলট এবং অঙ্কিতা পুরকায়স্থ প্রযোজিত 'লঙ্কা (দ্য ফায়ার)'; প্রদীপ কৌরভ পরিচালিত ও প্রযোজিত 'মুন' এবং বিপ্লব সরকার পরিচালিত ও ভারত এবং আন্তর্জাতিক সহযোগীদের যৌথ প্রযোজনায় নির্মিত 'দ্য ম্যাজিকাল মেন' প্রদর্শিত হবে।

ভারত পর্বে ভারতীয় সংস্কৃতির উদযাপন করা হবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রক এর আয়োজক। সাংস্কৃতিক সন্ধ্যায় ভারতীয় শিল্প, সঙ্গীত এবং রন্ধনপ্রণালীকে তুলে ধরা হবে। ভারত এবং কোরিয়ার জনসাধারণের মধ্যে সাংস্কৃতিক সংযোগ গড়ে তোলার এক মঞ্চ হিসেবে তা দেখা দেবে। উভয় দেশের প্রতিনিধিবৃন্দ, ভারত ও কোরিয়ার গণমাধ্যম এবং বিনোদন শিল্পক্ষেত্র এতে যোগ দেবে।

নীতিগত ক্ষেত্রে আলোচনা ও যৌথ উদ্যোগ নিয়ে জি-২-জি বৈঠকে যোগ দেবেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগন এবং কোরিয়ার সংস্কৃতি, ক্রীড়া ও পর্যটন মন্ত্রী। ভারত এবং কোরিয়া এভিজিসি এবং চলচ্চিত্র যৌথ প্রযোজনা পরিকাঠামো গড়ে তোলার সূচনা করতে এই বৈঠকের পরিকল্পনা করা হয়েছে। এছাড়াও থাকছে এনএফডিসি, এফটিআইআই, আইআইসিটি (ইন্ডিয়া) এবং কেএএফএ, কেওএফআইসি, কেওসিসিএ, এমনকি কোরীয় ওটিটি প্ল্যাটফর্মগুলির সঙ্গে নির্ধারিত লেটার অফ ইন্টেন্ট স্বাক্ষর। এর লক্ষ্য হল, প্রশিক্ষণ, কর্মসূচি বিনিময় এবং ভারতীয় চলচ্চিত্রের বন্টন।

বুসান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব এফআইএপিএফ স্বীকৃত অন্যতম সম্মানীয় এশীয় চলচ্চিত্র উৎসব। ভারত আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব (আইএফএফআই) এবং কান চলচ্চিত্র উৎসবের পাশাপাশি, তা অনুরূপভাবে স্বীকৃত। এশিয়ান কন্টেন্টস অ্যান্ড ফিল্ম মার্কেট (এসিএফএম) প্রথম সারির যৌথ প্রযোজনা এবং অর্থায়ন মঞ্চ হিসেবে পরিগণিত। এতে আন্তর্জাতিক স্তরের বিনিয়োগকারী চলচ্চিত্র সহযোগীদের সঙ্গে চলচ্চিত্র নির্মাতারা যুক্ত হওয়ার সুযোগ পান।



## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সখা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# রুশ তৈলবাহী জাহাজকে ভিড়তে দিল না আদানি বন্দর

স্টাফ রিপোর্টার, রোজদিন

রুশ তেল নিয়ে কূটনৈতিক সংঘাতের মাঝেই রাশিয়ার তৈলবাহী জাহাজকে ভিড়তে দিল না আদানি বন্দর। মঙ্গলবার ভারত-আমেরিকা বাণিজ্য বৈঠকের মাঝেই এই ঘটনা শোরগোল ফেলে দিয়েছে। জানা যাচ্ছে, আদানি বন্দর জাহাজটিকে ভিড়তে না দেওয়ায় ১০ লক্ষ ব্যারেল অপরিশোধিত তেল-সহ গতিপথ বদল করেছে জাহাজটি।উল্লেখ্য, ২০২২ সালে রুশ-ইউক্রেন যুদ্ধ শুরুর পর রাশিয়ার থেকে তেল আমদানি ব্যাপকভাবে বাড়িয়েছে কেন্দ্র। যার জেরে মার্কিন কোপের মুখে পড়েছে ভারত। ৫০ শতাংশ শুল্কের কোপ সহ্য করলেও রুশ তেল আমদানি যে বন্ধ করা হবে না তা বুঝিয়ে দিয়েছে নয়াদিল্লি। এই অবস্থায় ভারত সরকার সবুজ সংকেত দিলেও আদানিদের এই নিষেধাজ্ঞা প্রশ্ন তুলছে। এদিকে মঙ্গলে আমেরিকার সঙ্গে বাণিজ্য চুক্তির বিষয়ে আলোচনায় বসছে



কেন্দ্র। তার মাঝে এই ঘটনা প্রশ্ন তুলছে তবে কী সরকারের অঙ্গুলিহেলনেই এই পদক্ষেপ নিল আদানি গোষ্ঠী! সে বিষয়ে অবশ্য কোনও পক্ষই মুখ খোলেনি।জানা যাচ্ছে, ইউরোপীয় ইউনিয়ন, আমেরিকা ও ব্রিটেনের কালো তালিকাভুক্ত জাহাজগুলিকে নিজেদের বন্দরে প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেছে আদানিরা। ভারতে আদানিদের ১৪টি বন্দরে লাগু রয়েছে এই নিষেধাজ্ঞা। এই অবস্থায় গুজরাটে আদানিদের মুন্দ্রা বন্দরে প্রবেশের চেষ্টা করেছিল রাশিয়ার নোবেল ওয়াকর নামের ওই জাহাজটি। তবে সেখানে প্রবেশের অনুমতি না মেলায় গতিপথ বদল করে সেটি। জাহাজ ট্র্যাকিং প্ল্যাটফর্ম LSEG এবং Kpler থেকে পাওয়া সর্বশেষ তথ্য অনুযায়ী, নোবেল ওয়াকর বর্তমানে মুন্দ্রা বন্দরকে পাশ কাটিয়ে গুজরাটের ভাদিনা বন্দরের দিকে রওনা হয়েছে।

ভারতের মুন্দ্রা বন্দর দেশের অন্যতম প্রধান তৈল আমদানি কেন্দ্র হিসেবে পরিচিত। ইন্ডিয়ান ওয়েল কর্পোরেশন, HPCL মিত্তাল এনার্জি লিমিটেড (HMEL) নিয়মিতভাবে এই বন্দর থেকে তেল আমদানি করে। তবে গত সপ্তাহে আদানি গ্রুপের তরফে ঘোষণা করা হয়, দেশে তাদের দ্বারা পরিচালিত ১৪টি বন্দরে ভিড়তে পারবে না ইউরোপীয় ইউনিয়ন, আমেরিকা ও ব্রিটেনের কালো তালিকাভুক্ত জাহাজগুলি। ফলে ইউরোপীয় ইউনিয়ন ও ব্রিটেনের কালো তালিকাভুক্ত নোবেল ওয়াকর প্রবেশ করতে পারল না আদানিদের বন্দরে। তবে শুধু ওয়াকর নয়, আদানিদের কোপে পড়েছে স্পার্টান নামে আরেকটি নিষিদ্ধ সুয়েজম্যাক্স ট্যাঙ্কার। সোমবার মুন্দ্রা বন্দরের কাছেই নোঙর করা ছিল জাহাজটি। এতেও রয়েছে ১০ লক্ষ ব্যারেল রুশ তেল। নিষেধাজ্ঞার জেরে সেই তেল বন্দরে খালাস করা নিয়েও সংশয় তৈরি হয়েছে।

(৩ পাতার পর)

# এসি তো ব্যবহার করছেন, কিন্তু ঠিক নিয়ম মানছেন কি?

বিদ্যুতের বিল ও যন্ত্রের ক্ষতি হয়।

টাইমার ব্যবহার করুন

রাতে ঘুমানোর সময় এসি সারারাত চালিয়ে রাখা উচিত নয়। ২-৩ ঘণ্টার জন্য টাইমার সেট করলে বিদ্যুতের সাশ্রয় হবে এবং শরীরও ঠান্ডার অতিরিক্ত প্রভাব থেকে রক্ষা পাবে।

নিয়মিত ফিল্টার পরিষ্কার করুন

অন্তত মাসে একবার এসির ফিল্টার পরিষ্কার করতে হবে। নোংরা ফিল্টারে ধুলো ও জীবাণু জমে থাকে, যা শ্বাসকষ্ট, অ্যালার্জি ও অ্যাজমার ঝুঁকি বাড়ায়।

প্রয়োজনমতো এসি টনের ব্যবহার করুন

ছোট ঘরে বড় এসি ব্যবহার করলে বিদ্যুতের অপচয় হয়। আবার বড় ঘরে ছোট এসি কার্যকর হয় না। তাই ঘরের আকার অনুযায়ী এসি কত টনের কিনবেন সেটা জানা থাকলে সুবিধা আপনারই।

এসি ব্যবহারে সতর্কতা:

শরীরের ক্ষতি এড়াতে: দীর্ঘ সময় এসির ঠান্ডা হাওয়ায় বসে থাকলে মাথাব্যথা, শ্বাসকষ্ট, ত্বক শুষ্ক হয়ে যাওয়া, জয়েন্টে ব্যথা ইত্যাদি সমস্যা হতে পারে। ঠান্ডা ঘর থেকে হঠাৎ গরম বাইরে বেরোলে সর্দি-কাশি ও ফ্লু দ্রুত আক্রমণ করে।

কখনোই খালি হাতে ভিজে অবস্থায় এসির প্লাগ-সুইচ ছোঁয়া উচিত নয়।

এনার্জি সাশ্রয়: স্টার রেটেড (৫-স্টার বা ৩-স্টার) এসি কিনলে বিদ্যুতের খরচ কম হয়।

পর্দা বা ব্লাইন্ড ব্যবহার করলে রোদ ঢুকে ঘর গরম হবে না, ফলে এসি কম সময়ে কাজ করবে।

শিশু ও বৃদ্ধদের জন্য সতর্কতা: শিশু, বৃদ্ধ ও শ্বাসকষ্টের রোগীদের জন্য এসির তাপমাত্রা বেশি কমিয়ে দেওয়া উচিত নয়।

ঘরের আর্দ্রতা বজায় রাখতে হিউমিডিফায়ার ব্যবহার করলে উপকার মেলে।

পরিবেশগত দিক: এসি থেকে নির্গত গ্যাস পরিবেশের জন্য ক্ষতিকর হতে পারে। তাই পরিবেশবান্ধব রেফ্রিজারেন্ট ব্যবহার করা উচিত।

এসি সার্ভিসিং কখন করবেন :

খুব স্বাভাবিকভাবেই শীতকালে প্রায় ৯০% মানুষ এসি ব্যবহার করা থেকে বিরত থাকেন। যখন গরমে এসি চালানো শুরু করা হয় তার আগে আমাদের উচিত এসি কে ফুল চেকআপ করে নেয়া, কারণ শীতের আগে গরমে এসিটি চলার পর এসির ভিতরে যে ধুলা-ময়লা জমেছিল সেগুলোর কারণে এসিতে লিকেজ, ইলেকট্রিক লাইন ও গ্যাস প্লাগে সমস্যা দেখা দিতে পারে এবং সেখান থেকেই হতে পারে দুর্ঘটনা। এজন্য খুবই গুরুত্ব সহকারে থেকে সার্ভিসিং করিয়ে এসি চালানো শুরু করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

একটি এসির জন্য বছরে অন্তত ২/৩ বার সার্ভিসিং খুবই গুরুত্বপূর্ণ। একটি এসিকে বছরে দুই থেকে তিনবার সার্ভিসিং করানোর ক্ষেত্রে মেজর কোন সমস্যা ছাড়া সর্বোচ্চ তিন থেকে চার হাজার টাকা খরচ হতে পারে কিন্তু এতে আপনার এসি ৮০ শতাংশ সমস্যা থেকে দূরে থাকবে।

এসি আমাদের আরাম দেয়, কিন্তু অজ্ঞতার কারণে ব্যবহার করলে সেটা আশীর্বাদ নয়, বরং অভিশাপ হয়ে দাঁড়ায়। তাই সঠিক নিয়ম মেনে এবং প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করে এসি ব্যবহার করলে একদিকে যেমন শরীর সুস্থ থাকবে, অন্যদিকে বিদ্যুতের অপচয় কমে এনার্জি ও টাকার সাশ্রয় হবে।

# সিনেমার খবর

## যে কারণে অনুতপ্ত শাহরুখ খান

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউড বাদশা শাহরুখ খানের হাস্যরসের প্রশংসা করেন না- এমন লোকের সংখ্যা নেহাত কম। অনেক সময় তার বুদ্ধিদীপ্ত উত্তরকে ঔদ্ধত্য বলেন কেউ কেউ। এক সময় নাকি সত্যিই অসভ্য, উদ্ধত ছিলেন শাহরুখ। নিজেই স্বীকার করলেন সে কথা। পাশাপাশি জানালেন, এই সময় দাঁড়িয়ে নিজের কৃতকর্মের জন্য অনুতপ্ত তিনি।


অভিনেতা হিসাবে তিনি ভালো না মন্দ, সে বিষয়ে তর্ক রয়েছে। তবে পড়াশোনায় ভালো ছিলেন শাহরুখ। অভিনেতা দিল্লির হংসরাজ কলেজ থেকে স্নাতক সম্পন্ন করেন। তার পর আইআইটির প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন। এরপর জামিয়া মিলিয়া বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পান। স্নাতকোত্তর পড়ার জন্যও ভর্তি হন ওখানেই। ওই একই সময় অভিনেতা, তার প্রথম ধারাবাহিক 'ফৌজি'র প্রস্তাব পান। অভিনয়ের পাশাপাশি পড়াশোনা চলছিল তার।

এমনই এক সময় সামনে পরীক্ষা। তখন গ্রন্থাগারে বসে পড়াশোনা করছেন অভিনেতা। হঠাৎ কলেজের অধ্যক্ষ এসে বললেন, 'আমার হাতে থাকলে তোমাকে পরীক্ষায় বসতেই দিতাম না।' তার পাল্টা উত্তরে শাহরুখ বললেন, 'আপনার এই পরীক্ষার কোনো দরকার নেই আমার।'

যদিও সেই দিনের এমন ব্যবহারকে নিজেই ঔদ্ধত্যের তকমা দিয়েছেন কিং খান। শাহরুখ বলেন, 'সে দিনের ব্যবহার ছিল অল্প বয়সের ঔদ্ধত্য, অসভ্যতা ও পাকামি।' যদিও এই ঘটনার পর অভিনেতাকে তার শিক্ষকের কাছে ক্ষমা চাইতে হয়েছিল। অভিনেতার মা, একেবারে কান ধরে নিয়ে গিয়েছিলেন অধ্যক্ষের কাছে।

## পর্দায় প্রেমিকাকে দেখে আবেগপ্রবণ হৃতিক

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউড তারকা জুটি হৃতিক রোশান এবং সাবার সম্পর্ক সবসময়ই খোলা খাতার মতো। সম্প্রতি মুক্তিপ্রাপ্ত সিনেমা 'সংস অফ প্যারাডাইস'-এ সাবার অভিনয় ইতোমধ্যেই দর্শক ও সমালোচকদের প্রশংসা কুড়িয়েছে।

হৃতিক ইনস্টাগ্রামে সাবার কিছু ছবি শেয়ার করেছেন এবং তাকে একজন অনবদ্য শিল্পী হিসেবে অভিহিত করেছেন। তিনি বলেন, মুক্তির আগে ছবিটি দেখার পর থেকেই তিনি সাবার অভিনয় ও পরিশ্রমে মুগ্ধ হয়েছেন। হৃতিক লিখেছেন, "আমি কয়েক মাস আগে এডিট চলাকালীন ছবিটি দেখেছিলাম। ওর অভিনয় আমার মন ভরিয়ে দিয়েছে। বিশেষ করে জেবার চরিত্রের জন্য আমি গর্বিত। এখন ছবিটি সর্বত্র যে প্রশংসা পাচ্ছে, তা সত্যিই মন ছুঁয়ে যাচ্ছে।"

হৃতিক আরও উল্লেখ করেন, "সাবার সংগ্রাম, অসহায় অবস্থা, হতাশা এবং যন্ত্রণা আমি দেখেছি। তুমি সত্যিই ভালো সুযোগ পাওয়ার যোগ্য। অনেক প্রতিভা রয়েছে, সেই কারণেই আজ আমি এত খুশি।"

'সংস অফ প্যারাডাইস'-এ আরও অভিনয় করেছেন সোনি রাজদান, জৈন খান দুররানি, শিবা চাড্ডা, তারুক রায়না, শিশির শর্মা ও লিলেট দুবে। ছবিটি প্রযোজিত করেছেন ড্যানিশ রেঞ্জু এবং এতে পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত রাজ বেগমের গান রয়েছে। এটি ২৯ অগস্ট প্রাইম ভিডিওতে মুক্তি পেয়েছে।

## অক্ষয়-রাভিনার গোপন বাগদান ভাঙল যে কারণে



স্টাফ রিপোর্টার, রোজদিন

৯০-এর দশকের বলিউডে অ্যাকশন, রোম্যান্স এবং মিউজিকের মেলবন্ধন দর্শকদের মন জয় করছিল, তখন অক্ষয় কুমার ও রাভিনা ট্যান্ডনের জুটি দর্শকদের মনে বিশেষ স্থান করে নিয়েছিল। 'টিপ টিপ বরসা পানি'সহ 'মোহরা', 'ম্যায় খিলাড়ি তু আনাড়ি' ও 'খিলাড়িয়ো কা খিলাড়ি' চলচ্চিত্রে তাদের অনস্ক্রিন রসায়ন আজও দর্শকদের মনে জাগ্রত।

অনস্ক্রিন ঘনিষ্ঠতা ছাড়াও, বাস্তবেও তারা একে অপরের খুব কাছাকাছি চলে এসেছিলেন। খবর অনুযায়ী, তারা গোপনে বাগদান করেছিলেন, এবং রাভিনার পরিবার ও অক্ষয়ের আত্মীয়রা উপস্থিত ছিলেন। তবে এই সম্পর্ক দীর্ঘস্থায়ী হয়নি।

১৯৯৮ সালে অক্ষয় এক সাক্ষাৎকারে জানান, এটা শুধু একটি বাগদান ছিল, যা পরে ভেঙে যায়। আমরা কখনও বিয়ে করিনি। রাভিনা আরো পরে স্বীকার করেন, অক্ষয় জনপ্রিয় ছিলেন, এবং বাগদানের খবর প্রকাশ পেলে তার 'খিলাড়ি' ইমেজ ক্ষতিগ্রস্ত হতে পারত। এ ভয়ই হয়তো সম্পর্কের ভিত দুর্বল করে দিয়েছিল।

এরপর অক্ষয় শিল্পা শেঠির সঙ্গে কিছু সময়ের জন্য সম্পর্ক রাখেন, যা স্থায়ী হয়নি। পরবর্তীতে ২০০১ সালের ১৭ জানুয়ারি অক্ষয় টুইঙ্কেল খান্নার সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তাদের দুই সন্তান আরভ ও নিতারা।

রাভিনা ট্যান্ডন ব্যবসায়ী অনিল থাডানিকে বিয়ে করে সংসার গড়েছেন। তাদের দুই সন্তান রনবীর বর্ধন ও রাশা। এছাড়াও ১৯৯৫ সালে পূজা ও ছায়াকে দত্তক নিয়েছিলেন তিনি।

অক্ষয়-রাভিনা উভয়েই এখন নিজ নিজ সংসারে সুখী জীবন কাটাচ্ছেন।

# আজ থেকে শুরু চ্যাম্পিয়নস লিগের নতুন মৌসুম

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




দুই মাস বিরতির পর আবারও পর্দা উঠছে ইউরোপিয়ান ক্লাব ফুটবলের শ্রেষ্ঠত্বের লড়াই উয়েফা চ্যাম্পিয়নস লিগে। নতুন ফরম্যাটে শুরু হওয়া এই আসর গত মৌসুমেই এনেছিল নাটকীয়তা, উত্তেজনা আর চমক। এবারও ব্যতিক্রম কিছু হবে না বলেই ধারণা ফুটবলবিশ্বের।

গতবারের ফাইনালে প্যারিস সেন্ট জার্মেই (পিএসজি) ৫-০ গোলের বিশাল ব্যবধানে হারিয়েছিল ইন্টার মিলানকে। যা চ্যাম্পিয়নস লিগের ফাইনালে সবচেয়ে বড় ব্যবধানে জয় হিসেবে ইতিহাসে জায়গা করে নেয়। অথচ সেই পিএসজিই গ্রুপপর্বে (নতুন ফরম্যাটে লিগপর্বে) বিদায়ের শঙ্কায় পড়ে গিয়েছিল।

উয়েফার নতুন ফরম্যাটে এখন আর গ্রুপপর্ব নেই। তার বদলে 'লিগ ফরম্যাটে' প্রতিটি দল খেলছে আটটি ভিন্ন দলের বিপক্ষে, প্রতিপক্ষের সঙ্গে একবারই ম্যাচ বাড়তি হোম-অ্যাওয়ে নেই। এতে বেড়েছে ম্যাচসংখ্যা, একই সঙ্গে বেড়েছে বড় ম্যাচের সংখ্যাও।

রাত ১০টা ৪৫ মিনিটে ইংলিশ ক্লাব আর্সেনালের বিপক্ষে মাঠে নামবে স্প্যানিশ ক্লাব অ্যাথলেটিক বিলবাও। বিলবাও ১০ মৌসুম পর ফিরছে চ্যাম্পিয়নস লিগে সর্বশেষ ২০১৪-১৫ মৌসুমে খেলেছিল তারা। অপরদিকে গেল মৌসুমে সেমিফাইনালে উঠেছিল আর্সেনাল। ম্যাচটি অনুষ্ঠিত হবে বিলবাওয়ের মাঠ সান মামেসে।

রাত ১টায় সান্তিয়াগো বার্নাব্যুতে খেলবে ইউরপের রেকর্ড চ্যাম্পিয়ন রিয়াল মাদ্রিদ ও ফরাসি ক্লাব অলিম্পিক মার্সেই। নতুন ফরম্যাটে এবারই প্রথম মূল পর্বে জায়গা করে নিয়েছে মার্সেই।

একই সময়ে ইতালির অ্যালিয়াঞ্জ স্টেডিয়ামে মুখোমুখি হবে জুভেন্টাস ও বরুশিয়া ডর্টমুন্ড। শক্তি আর ঐতিহ্যের লড়াইয়ে উদ্বোধনী রাতের সবচেয়ে আলোচিত ম্যাচ হয়ে উঠতে পারে এই দ্বৈরথ।

রাত ১টায় আরেক ম্যাচে মাঠে নামবে ইংলিশ ক্লাব টটেনহ্যাম ও স্প্যানিশ ভিয়ারিয়াল। টটেনহ্যাম চ্যাম্পিয়নস লিগে জায়গা করে নিয়েছে ম্যানচেস্টার ইউনাইটেডকে হারিয়ে উয়েফা ইউরোপা লীগ জিতে।

তার আগে রাত ১০টা ৪৫ মিনিটে নামবে ডাচ ক্লাব পিএসভি ও বেলজিয়ান ক্লাব রয়্যাল ইউনিয়ন সেন্ট-গিলোইস।

## আয়ারল্যান্ড সফরে ইংল্যান্ড টি-টোয়েন্টি দলে ফিরলেন কক্স




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ঘরোয়া ক্রিকেট 'দ্য হান্ড্রেড'-এ দুর্দান্ত পারফর্মেন্সের সুবাদে আসন্ন আয়ারল্যান্ড সফরে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের জন্য ইংল্যান্ড দলে ডাক পেয়েছেন উইকেটরক্ষক-ব্যাটার জর্ডান কক্স।

আয়ারল্যান্ড সফরের জন্য গত মাসে দল ঘোষণা করেছিল ইংল্যান্ড এন্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)। ১৫ সদস্যের দলে নতুন যুক্ত হলেন কক্স।

গত ৩১ আগস্ট শেষ হওয়া দ্য হান্ড্রেড-এ ওভাল ইনভিন্সিবলসের হয়ে ৬১ দশমিক ১৬ গড় এবং ১৭৩ দশমিক ৯৩ স্ট্রাইক রেটে ৩৬৭ রান করে টুর্নামেন্টের সেরা খেলোয়াড় নির্বাচিত হন কক্স। লর্ডসে অনুষ্ঠিত ফাইনালে ট্রেন্ট রকেটসকে ২৬ রানে শিরোপা জিতে কক্সের ওভাল ইনভিন্সিবলস। গত বছর ওয়ানডে ও টি-টোয়েন্টিতে অভিষেক হয় কক্সের। ইংল্যান্ডের হয়ে ৩টি ওয়ানডেতে ২২ রান এবং ২টি টি-টোয়েন্টিতে ১৭ রান করেছেন তিনি। গেল বছরের সেপ্টেম্বরে জাতীয় দলের হয়ে সর্বশেষ টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন কক্স।

আয়ারল্যান্ড সিরিজে বিশ্রাম দেওয়া হয়েছে হ্যারি ব্রুক, জো রুট, বেন ডাকেট, জোফরা আর্চার, ও জেমি স্মিথদের মত তারকাদের। মূল দলের খেলোয়াড়রা না থাকায় আয়ারল্যান্ডে দ্বিতীয় সারির দল পাঠাচ্ছে ইংল্যান্ড। দলকে নেতৃত্ব দেবেন জ্যাকব বেথেল। ইংল্যান্ডের সবচেয়ে কম বয়সী অধিনায়কের রেকর্ড গড়ছেন বেথেল।

আগামী ১৭, ১৯ ও ২১ সেপ্টেম্বরে ডাবলিনে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজটি অনুষ্ঠিত হবে।

আয়ারল্যান্ড সফরে ইংল্যান্ড টি-টেয়েন্টি দল:

জ্যাকব বেথেল (অধিনায়ক), রেহান আহমেদ, সনি বেকার, টম ব্যান্টন, জস বাটলার (উইকেটরক্ষক), লিয়াম ডসন, টম হার্টলি, উইল জ্যাকস, সাকিব মাহমুদ, জেমি ওভারটন, ম্যাথু পটস, আদিল রশিদ, ফিল সল্ট ও লুক উড।

## নাইজারকে উড়িয়ে বিশ্বকাপ নিশ্চিত করল মরক্কো

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



নাইজারকে উড়িয়ে আফ্রিকা থেকে প্রথম দল হিসেবে বিশ্বকাপ নিশ্চিত করেছে মরক্কো। শুক্রবার রাতে ঘরের মাঠে ১০ জনের নাইজারকে ৫-০ গোলের ব্যবধানে হারিয়েছে তারা।

ম্যাচের শুরু থেকেই প্রাধান্য বিস্তার করে খেলতে থাকে স্বাগতিকরা। প্রথমার্ধেই জোড়া গোল করে দলকে এগিয়ে দেন ইসমাইল সাইবারি। এরপর নাইজারের আবদুল-লতিফ গুমেই লাল কার্ড দেখে মাঠ ছাড়লে ম্যাচ পুরোপুরি মরক্কোর নিয়ন্ত্রণে চলে যায়। দ্বিতীয়ার্ধে গোল উৎসবে যোগ দেন আয়ুব এল কাবি, হামজা ইগামানে ও আজেদ্দিন উনাহি।

গ্রুপ 'ই'-তে টানা ছয় ম্যাচে ছয় জয় তুলে নিয়ে দুই ম্যাচ হাতে রেখেই বিশ্বকাপ নিশ্চিত করেছে ফিফা র‍্যাঙ্কিংয়ের ১২ নম্বরে থাকা দলটি। যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায় হতে যাওয়া ৪৮ দলের বিশ্বকাপে জায়গা করে নেওয়া ১৭তম দল হলো মরক্কো।

উল্লেখ্য, ২০২২ সালের কাতার বিশ্বকাপে মরক্কো ইতিহাস গড়ে সেমিফাইনালে উঠেছিল। তবে ফ্রান্সের কাছে হেরে থেমে যায় তাদের স্বপ্নযাত্রা। এবারের আসরে নতুন উচ্চতায় পৌঁছানোর স্বপ্ন দেখছে আফ্রিকার গর্ব মরক্কো।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR